

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪৬

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ আল্লাহর কাছে নিরাপত্তা কামনা করা, কেননা একজন মানুষকে যা কিছু দেওয়া হয় তন্মধ্যে তাওহীদের পর নিরাপত্তার চেয়ে উত্তম আর কিছু দেওয়া হয় না

ذِكْرُ الْأَمْرِ بِسُوَّالِ اللَّهِ جَلَّ وَعَلَا الْعَافِيَةَ إِذْ هِيَ خَيْرُ مَا يُعطى الْمَرْءُ بَعْدَ التوحيد

আরবী

946 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي حَيْوَةُ بَنُ شُرَيْحٍ قَالَ: سَمِعْتُ عَبْدَ الْمَلِكِ بْنَ الْحَارِثِ السَّهْمِيَّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ أَبَا بْنُ شُرَيْحٍ قَالَ: سَمِعْتُ أَبَا بَكْرٍ _ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ _ عَلَى هَذَا الْمِنْبَرِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْمِنْبَرِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ عَلَيْهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْيَوْمَ عَامَ أَوَّلٍ يَقُولُ ثُمَّ اسْتَعْبَرَ أَبُو بَكْرٍ _ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ _ فَبَكَى ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ عَلَيْهِ _ فَبَكَى ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ عَلَيْهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَنْ تُوْتَوْا شَيْئًا بَعْدَ كَلِمَةِ الْإِخْلَاصِ مِثْلُ الْعَافِيَةِ فَسَلُوا اللَّهَ الْعَافِيَة)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 946 | خلاصة حكم المحدث:. صحيح لغيره.

বাংলা

৯৪৬. আবৃ হুরাইরা রাদ্য়িল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আবৃ বকর রাদ্য়িল্লাহু আনহুকে এই মিম্বারে উপর বলতে শুনেছি, তিনি বলেছেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এক বছর আগে এই মিম্বারের উপর বলতে শুনেছি, তারপর আবৃ বকর রাদ্য়িল্লাহু আনহু অশ্রুবিসর্জন দিয়ে কাঁদলেন তারপর তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রথম বছরে এই মিম্বারের উপর বলতে শুনেছি, তিনি বলেছেন, "ইখলাসের কালিমার পর নিরাপত্তার মত আর কিছু দেওয়া হয় না। অতএব তোমরা আল্লাহর কাছে নিরাপত্তা চাও।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ১০; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৮৮৬; নাসাঈ: ৮৮৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আয রওয: ৯১৭ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন